দৈনিক ইত্তেফাক

তারিখ 03 APR 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

## ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র সঙ্গে রাখার পরামর্শ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ক্যাম্পাসে সকল ছাত্র-ছাত্রীকে সব সময় পরিচয়পত্র সঙ্গে রাখার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

( ১১শ পৃঃ দ্রঃ)

## পরিচয় পত্র

( ১ম পৃষ্ঠার পর)

পরামর্শ দিয়াছেন। গতকাল (সোমবার) হল প্রভোষ্টদের এক সভায় এই পরামর্শ দেওয়া হয়। ভিসি প্রফেসর ডঃ এম মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ৫ই এপ্রিল হল খোলার পূর্বে হল প্রশাসনের সহিত আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তাদের এক বৈঠকের ব্যবস্থা করার জন্য ভিসিকে আহ্বান জানান হয়।

একটি সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়া আলোচনার লক্ষ্যে ৫ই এপ্রিল চ্যান্সেলরের সহিত সিণ্ডিকেট সদস্যদের বৈঠক অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রহিয়াছে। সূত্রটির মতে, আজ (মঙ্গলবার) আইন-শৃংখলা রক্ষাকারী সংস্থার কর্মকর্তাদের সহিত হল প্রশাসনের বৈঠক অনুষ্ঠিত হইবে।